



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/১৬৬৮

তারিখঃ ১৮/১১/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৩২ তম (জরুরী) কমিশন সভা অদ্য ১৮/১১/২০১৪ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। পুঁজিবাজারের বিনিয়োগকারীদের স্বার্থে Shahjibazar Power Company Limited (SPCL) এর শেয়ারের লেনদেনে সাম্প্রতিক ধারা পর্যবেক্ষণ করে কমিশন আজকের জরুরী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে :

- (ক) SPCL -কে নন মার্জিনেবল (Non-Marginable) সিকিউরিটিজ হিসাবে ঘোষণা করা হ'ল, যা স্টক এক্সচেঞ্জদ্বয় অবিলম্বে (অর্থাৎ ১৯.১১.২০১৪ইং) কার্যকর করবে;
- (খ) SPCL পরবর্তী লেনদেন দিবস (অর্থাৎ ১৯.১১.২০১৪ইং) থেকে স্পট মার্কেটে ট্রেড হবে;
- (গ) যে সমস্ত ব্রোকার হাউজে SPCL সংক্রান্ত লেনদেনে Single Exposure Limit অতিক্রান্ত হয়েছে তাদের আগামী তিন লেনদেন দিবসের মধ্যে তা নির্ধারিত সীমার মধ্যে নিয়ে আসতে হবে, যা স্টক এক্সচেঞ্জদ্বয় তদারকি করবে; এবং
- (ঘ) প্রত্যেক ব্রোকার হাউজ দৈনিক লেনদেন শেষে SPCL ক্রয় ও বিক্রয় সংক্রান্ত তথ্য পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্ব স্ব স্টক এক্সচেঞ্জ এর নিকট প্রেরণ করবে এবং স্টক এক্সচেঞ্জদ্বয় উক্ত তথ্যের সার সংক্ষেপ পরবর্তী কার্যদিবসে কমিশনের নিকট প্রেরণ করবে।


২৫/১১/২০১৪
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র